

## পার্চিং (Perching)

পার্চিং (Perching) বা ডালপালা পুঁতে পাখি বসার ব্যবস্থার মাধ্যমে ধান ক্ষেতের ক্ষতিকার পোকা দমনের ব্যবস্থাকে পার্চিং (Perching) বলা হয়। ইদানীং কালে পার্চিং নিয়ে বিভিন্ন মহল বিভিন্ন ধরনের মন্তব্য করে থাকেন যা অনেক ক্ষেত্রে বিভ্রান্তি ছড়িয়ে থাকে। কিন্তু পার্চিং এবং ব্যাঙ নিয়ে বহু পূর্বেই বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) গবেষণা করেছে যার ফলাফল ব্রি এর অভ্যন্তরীণ পর্যালোচনা, বার্ষিক প্রতিবেদন ও গবেষণা প্রবন্ধ (Scientific article) ছাড়াও পপুলার প্রবন্ধ (Popular article) হিসাবে ধান গবেষণা সমাচার নভেম্বর, ৯৬-ফেব্রুয়ারী' ৯৭ বা কার্তিক-ফাল্গুন ১৪০৬ সংখ্যার দ্বিতীয় পৃষ্ঠায় প্রকাশ হয়েছে (সংযুক্তি দেখুন)। তাছাড়াও পার্চিং এর সময় নীচের বিষয়টি বিবেচনা করতে হবে-

মাঠে ডালপাল পুঁতে পোকাখেকো পাখির সাহায্য নেওয়ার সময় লক্ষ্য রাখতে হবে যেন, ডালপালাটি পাখি বসার উপযুক্ত অর্থাৎ শক্ত ও ধান গাছের চেয়ে বেশ উঁচু হয় (চিত্র) এবং পাখি যেন পোকা দেখতে ও ধরতে পারে।



চিত্রঃ পোকাখেকো পাখি ও বসার ডালপালা।